ফেসবুক আইডি সহজে খুঁজে পাওয়ার উপায়

ব্যক্তিগত বা কাজের প্রয়োজনে পরিচিত ব্যক্তিদের সঙ্গে ফেসবুকে যোগাযোগ করেন অনেকেই। সার্চ বক্সে কারও নাম লিখলে নিজস্ব অ্যালগরিদম কাজে লাগিয়ে প্রথমে বন্ধুদের আইডি, এরপর বন্ধুদের বন্ধুর আইডি থেকে সার্চ ফলাফল প্রদর্শন করে ফেসবুক। ফলে চাইলেই সবার ফেসবুক আইডি সহজে খুঁজে পাওয়া যায় না। তবে কিছু কৌশল অবলম্বন করে সার্চ করলে সহজেই কাঙ্ক্ষিত ব্যক্তির ফেসবুক আইডি খুঁজে পাওয়া যায়।

অপরিচিত কোরা ফেসবুক আইডি খুঁজে পেতে প্রথমেই সার্চ বক্সে তাঁর নামের সঠিক বানান লিখে সার্চ করতে হবে। প্রাথমিকভাবে নামের সঙ্গে মিল থাকা একাধিক ফেসবুক ব্যবহারকারীর আইডি দেখা যাবে। কাঙ্ক্ষিত ব্যক্তির ফেসবুক আইডি দেখা না গেলে সার্চ ফলাফলের নিচের দিকে থাকা সি অল অপশনে ক্লিক করতে হবে। এরপর পেজের বাঁ পাশে থাকা ফিল্টার অপশনে কাঙ্ক্ষিত ব্যক্তির শহরের নাম, কর্মস্থল, শিক্ষা প্রভৃতি তথ্য লিখে পুনরায় সার্চ করতে হবে।

এর ফলে কাঙ্ক্ষিত ব্যক্তি কোন শহরে বসবাস করেন, পেশার ধরন, কোন শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ালেখা করেছেন বা সাবেক কর্মস্থলের নাম পর্যালোচনা করে দ্রুত সেই ব্যক্তির আইডি খুঁজে দেবে ফেসবুক। তবে কাঙ্ক্ষিত ব্যক্তি ভিন্ন নামে বা ভুল তথ্য দিয়ে ফেসবুক অ্যাকাউন্ট খুললে সার্চ করে পাওয়া যাবে না।

সূত্র:প্রথমআলো

অ্যান্ড্রয়েড ফোনে

স্যাটেলাইটের মাধ্যমে বিপদ বার্তা পাঠানো যাবে

আইফোনের মতো অ্যান্ড্রয়েড ফোন থেকেও স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহের সংযোগ ব্যবহার করে জরুরি বিপদ বার্তা পাঠানো যাবে। ফলে মুঠোফোন এবং ইন্টারনেট নেটওয়ার্ক না থাকলেও স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বা উদ্ধারকারী সংস্থার কাছে বার্তা পাঠিয়ে সাহায্য চাওয়া যাবে।

যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে চলা বিশ্বের সবচেয়ে বড় প্রযুক্তিপণ্যের মেলা কনজ্যুমার ইলেকট্রনিক শোতে (সিইএস) অ্যান্ড্রয়েড ফোনে স্যাটেলাইটের মাধ্যমে বিপদ বার্তা পাঠানোর সুযোগ চালুর পরিকল্পনার কথা জানিয়েছে কোয়ালকম টেকনোলজিস। এ জন্য স্যাটেলাইট ফোন পরিচালনাকারী প্রতিষ্ঠান ইরিডিয়ামের সঙ্গে চুক্তিও করেছে ফোনের প্রসেসর নির্মাতা ও ওয়্যারলেস প্রযুক্তি নিয়ে কাজ করে প্রতিষ্ঠানটি।

কোয়ালকম টেকনোলজিসের তথ্যমতে, স্ন্যাপড্রাগন স্যাটেলাইটের মাধ্যমে অ্যান্ড্রয়েড ফোন থেকে জরুরি বিপদ বার্তা পাঠানো যাবে। শুধু তা–ই নয়, মুঠোফোন এবং ইন্টারনেট নেটওয়ার্ক না থাকলেও অন্যদের পাঠানো বার্তা পড়ার সুযোগ মিলবে। ইরিডিয়ামের প্রযুক্তিসুবিধা এবং স্ন্যাপড্রাগন ফাইভজি মডেমের মাধ্যমে স্যাটেলাইটের মাধ্যমে বার্তা লেনদেন করা হবে। এ বছরের শেষ নাগাদ নির্দিষ্ট দেশে এ সুবিধা পাওয়া যাবে। তবে সব ফোনে এ সুবিধা মিলবে না, এ জন্য অবশ্যই নির্দিষ্ট প্রসেসরে চলা হালনাগাদ মডেলের ফোন ব্যবহার করতে হবে।

উল্লেখ্য, গত বছরের নভেম্বর মাসে যুক্তরাষ্ট্র ও কানাডার নির্দিষ্ট অঞ্চলে ইমার্জেন্সি এসওএস সুবিধা চালু করে অ্যাপল। এ সুবিধা কাজে লাগিয়ে আইফোন ১৪ সিরিজের আইফোন ব্যবহারকারীরা স্যাটেলাইটের মাধ্যমে জরুরি বিপদ বার্তা পাঠাতে পারেন। এরই মধ্যে কয়েকজন আইফোন ব্যবহারকারীর জীবন বাঁচাতে সাহায্য করেছে অ্যাপলের ইমার্জেন্সি এসওএস সুবিধা।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক কে.এম. জাহিদ হোসেন প্রধান অতিথির বক্তব্যে বলেন,গ্রামের বিভিন্ন প্রান্ত থেকে আগত যুবক ছেলে-মেয়েদের এমএস অফিস, গ্রাফিক্স ডিজাইন, ইন্টারনেট আউটসাইডসহ নানা ধরনের প্রোগ্রাম শেখানো হচ্ছে। এ ছাড়া প্রশিক্ষণ প্রাপ্তরা এ সনদ দেখিয়ে ব্যাংক থেকে অল্প সুদে ঋণও তুলতে পারবেন, যা দিয়ে গ্রামের অবহেলিত যুব সমাজের বেকারত্ব সমস্যা দূরসহ প্রধানমন্ত্রীর ডিজিটাল ও স্মাট বাংলাদেশ গড়তে ভূমিকা রাখবে।

সভাপতির বক্তব্য উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, প্রধানমন্ত্রীর ২০২১ ভিশন ও ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত দেশে রূপান্তর করতে এবং স্মার্ট বাংলাদেশ গড়তে গ্রামের প্রত্যন্ত অঞ্চলের শিক্ষিত যুবক-তরুণীদের মধ্যে নতুন চেতনা আনতেই এবং শিক্ষিত বেকার তরুণ তরুণীদের আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তুলতে এমন উদ্যোগ নেওয়া হয়েছে।

কম্পিউটার প্রশিক্ষণ নিতে আসা প্রশিক্ষনার্থী জাফরিন আক্তার জেনি, সোনিয়া, মাসুম,সানোয়ার হোসেন বলেন,যুব উন্নয়নের এমন উদ্যোগে বেশ খুশি আমরা। বিনা পয়সায় কম্পিউটারের প্রশিক্ষণ শেষে আমাদের সার্টিফিকেট,যাতায়াত ভাতাসহ বিভিন্ন উপকরণ দেওয়া হবে। পাশাপাশি প্রশিক্ষণের মাধ্যমে বেকারত্ব দূরীকরণ হবে।

কম্পিউটার প্রশিক্ষক মোস্তাক হোসেন,সহকারী প্রশিক্ষক রূপালী বিশ্বাস বলেন,সরকার যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে শিক্ষিত বেকার যুবক-তরুণীদের কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছে। এতে করে তারা প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী হতে পারবেন। পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গঠনে অগ্রণী ভূমিকা রাখবে।

মুজিবনগর উপজেলা পরিষদ চত্বরে ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে ২ মাস ব্যাপী চারটি শিফটে ৪০ জন তরুণ তরুণীকে কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হবে। সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এ প্রশিক্ষণ চলবে।

গাংনীতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ও ৭ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার বেলা ১১ টার সময় অনুষ্ঠনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্ধোধন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

‘ ‘ বিদ্যুৎ ও পানির অপচয় রোধ’’ এ প্রতিপাদ্যে উপজেলা প্রশাসন আয়োজিত মেলায় উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভােপিত্ব বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল,গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসারের সঞ্চালনায় ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্টপোষকতায় ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় গাংনী উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১৮টি স্টল প্রদর্শন করা হয়েছে উপজেলা পরিষদ প্রাঙ্গনে।

মুজিবনগরে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ

“ইন্টারনেটে আসক্তির ক্ষতি”এই স্লোগানকে সামনে রেখে, মুজিবনগরে ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ৭ম বিজ্ঞান অলিম্পিয়াড ২০২২ এর উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবধায়নে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়

এবং মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কাটার মধ্যে দিয়ে এ মেলার শুভ উদ্বোধন করেন। পরে মেলার স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ এর সভাপতিত্বে উক্ত উদ্বোধনী ও আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।

উপজেলা ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড মেলায় নতুন নতুন উদ্ভাবনী বৈজ্ঞানিক প্রযুক্তি নিয়ে উপজেলার কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় মিলে মোট ১৮ টি স্টল অংশ নিয়েছে। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

উইন্ডোজ দিয়ে কম্পিউটারের গতি বাড়াবেন যেভাবে

আপনার পারসোনাল কম্পিউটার (পিসি) একটু পুরোনো হয়েছে। তার ওপর ভারী ভারী সফটওয়্যার ইনস্টল করা। নিয়মিত অ্যান্টিভাইরাসও দেওয়া হচ্ছে না। সব মিলিয়ে উইন্ডোজ অপারেটিং সিস্টেমে চলা পিসির গতি কমে গেছে। আবার নতুন পিসিরও গতি কমে যেতে পারে। যদি আপনার পিসির গতি কম থাকে, তবে কিছু পরামর্শ অনুসরণ করতে পারেন। এতে পিসির গতি বাড়তে পারে।

১
আপনার পিসিতে উইন্ডোজ অপারেটিং সিস্টেম ও অন্য যন্ত্রাংশের চালক সফটওয়্যারের সর্বশেষ হালনাগাদ দেওয়া আছে কি না, দেখুন। না থাকলে এখনই দিন। এ জন্য স্টার্ট বাটন থেকে সেটিংসে গিয়ে উইন্ডোজ আপডেট এবং চেক ফর আপডেটে চাপুন। যদি ‘ইউ আর আপ টু ডেট’ লেখা থাকে, বুঝবেন পিসি হালনাগাদ আছে। আর যদি ‘আপডেটস আর অ্যাভেইলেবল’ লেখা

থাকে, আপডেট দিয়ে দিন। তাতে আপনার পিসিরি গতি বাড়তে পারে।
২
একই সময়ে অনেক অ্যাপ, প্রোগ্রাম ও ওয়েব ব্রাউজার খোলা থাকলে কম্পিউটারের গতি কমে যায়। একই সময়ে ব্রাউজারে অনেক ট্যাব খোলা থাকলেও গতি কমে যেতে পারে। যদি এমনটা হয়ে থাকে, তবে অপ্রয়োজনীয় অ্যাপ, ট্যাবগুলো বন্ধ রাখুন। এতেও যদি গতি না বাড়ে, তবে পিসি রিস্টার্ট দিন এবং কেবল প্রয়োজনীয় অ্যাপ, প্রোগ্রাম ও ব্রাউজার খুলুন, দেখবেন গতি বাড়ছে।

৩
গতি বাড়াতে উইন্ডোজের রেডিবুস্ট ফিচার ব্যবহার করতে পারেন। রেডিবুস্টের মাধ্যমে আপনি ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ বা এসডি কার্ডকে একটি অতিরিক্ত র্যামের মতো ব্যবহার করে পিসি না খুলেই গতি বাড়াতে পারেন। রেডিবুস্ট ব্যবহারের জন্য আপনার ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ বা মেমরি কার্ড থাকতে হবে এবং সেটিতে অন্তত ৫০০ মেগাবাইট খালি জায়গা এবং উচ্চ ডেটা ট্রান্সফার রেট থাকবে হবে।
৪
আপনার হার্ডডিস্কের পেজিং ফাইলকে উইন্ডোজ মেমোরির মতো ব্যবহার করে। উইন্ডোজ ১১–তে একটি সেটিংস আছে, যা পেজ ফাইল আকারকে স্বয়ংক্রিয়ভাবে চালায়। আপনার উইন্ডোজে এই সেটিংস ঠিকভাবে কাজ করছে কি না, নিশ্চিত হোন। এটি পিসির গতি বাড়ায়।

৫
আপনার পিসির ডিস্কে জায়গা কমে গেছে কি না, দেখুন। এমন হলে ডিস্ক খালি করেও পিসির গতি বাড়াতে পারেন। এই ক্ষেত্রে আপনি আপনার যন্ত্রাংশ থেকে অপ্রয়োজনীয় বা অস্থায়ী কিছু ফাইল মুছে ফেলতে পারেন।
৬
উইন্ডোজ ১১ সংস্করণে অ্যানিমেশন ও শ্যাডো ইফেক্টের মতো অনেক ভিজ্যুয়াল ইফেক্ট আছে। শুনতে দারুণ মনে হলেও এতে অপারেটিং সিস্টেমের অতিরিক্ত শক্তি খরচ হয়। এর ফলে পিসির গতি কমে যায়। আর পিসির র্যাম যদি কম থাকে, তবে এটি আরও বেশি কার্যকর। তাই উইন্ডোজের উপকরণ ও কর্মক্ষমতার মধ্যে সামঞ্জস্য করুন।

৭
আপনি হয়তো আপনার ফাইলগুলো যেকোনো জায়গা থেকে ব্যবহারের সুবিধা নিতে অনলাইন ক্লাউড স্টোরেজ ওয়ানড্রাইভ ব্যবহার করেন। ফাইলগুলো আপনার পিসি ও ওয়ানড্রাইভের মধ্যে সিনক্রোনাইজিংয়ের

মাধ্যমে রাখেন। এতে আপনার পিসির গতি কমে যায়। তাই পিসির গতি বাড়াতে সিঙ্ক করা বন্ধ রাখতে পারেন।
৮
আপনার পিসি খোলার সঙ্গে সঙ্গে কিছু প্রোগ্রাম স্বয়ংক্রিয়ভাবে চালু হয় এবং ভেতরে–ভেতরে চলতে থাকে। আপনি এই প্রোগ্রামগুলো বন্ধ রাখতে পারেন। এতে পিসি চালু হওয়ার পর এগুলো চলতে শুরু করবে না। এর ফলে পিসির গতি বাড়বে।

৯
ভাইরাস, ম্যালওয়্যার বা ক্ষতিকর সফটওয়্যারের কারণে আপনার পিসির গতি কমে যেতে পারে। আপনার পিসিতে ভাইরাস বা অন্যান্য ক্ষতিকারক কোনো সফটওয়্যার আছে কি না, স্ক্যান করে সেগুলো মুছে ফেলুন। এতে আপনার পিসির গতি বাড়বে।
১০
সম্প্রতি ইনস্টল করা নতুন কোনো অ্যাপ, ড্রাইভার বা আপডেটের কারণে আপনার পিসিতে হয়তো সমস্যা দেখা দিয়েছে। পিসি রিস্টার্ট দিন। এতে হয়তো আপনার পিসি পুনরায় স্বাভাবিকভাবে চলতে শুরু করবে এবং গতি বাড়বে।

সূত্র: সাপোর্ট ডট মাইক্রোসফট ডটকম

ইউটিউবে যেসব বিষয়ের ভিডিও বেশি দেখা হয়

বর্তমানে অর্থ উপার্জনের জনপ্রিয় মাধ্যমে পরিণত হয়েছে ইউটিউব। আর তাই ইউটিউবে চ্যানেল খুলে নিয়মিত ভিডিও আপলোড করেন অনেকেই। কিন্তু ইউটিউবে জনপ্রিয় বিষয় নিয়ে ভিডিও তৈরি না করায় চ্যানেলে মনিটাইজেশন–সুবিধা চালু থাকলেও আয়ের পরিমাণ খুব কম হয়। তবে চাইলেই এ সমস্যার সমাধান করা যায়। এ জন্য প্রথমেই জানতে হবে ইউটিউবে কোন বিষয়ের ভিডিও মানুষ বেশি দেখে। এসব ভিডিওর আদলে চ্যানেল খুলে নতুন ভিডিও আপলোড করলেই ধীরে ধীরে নিজেকে সফল ইউটিউবার হিসেবে প্রতিষ্ঠিত করা যাবে। ইউটিউবে যেসব বিষয়ের ভিডিও

বেশি দেখা হয়, সেগুলো জেনে নেওয়া যাক—

অনলাইন থেকে আয়

ইউটিউবে অনলাইন থেকে আয়ের কৌশল শেখানো ভিডিওগুলো খুবই জনপ্রিয়। আর তাই অনলাইন থেকে আয়ের পদ্ধতিনির্ভর মানসম্পন্ন ভিডিও নিয়মিত আপলোড করলে দ্রুত ইউটিউবে সফল হওয়া যাবে।

ডিজিটাল বিপণন

করোনা মহামারির সময় থেকেই বিশ্বজুড়ে জনপ্রিয় হয়ে উঠেছে ডিজিটাল বিপণনের পদ্ধতি। অনলাইনে কাজ করার সুযোগ থাকায় অনেকেই ডিজিটাল বিপণনের বিভিন্ন কৌশল জানতে চান। ফলে, ইউটিউবে এ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া ভিডিওগুলো ব্যবহারকারীদের কাছে খুবই জনপ্রিয়। আর তাই ডিজিটাল বিপণনের বিভিন্ন কৌশল বা প্রশিক্ষণের ভিডিও আপলোড করলে ইউটিউবে দ্রুত সফল হওয়া সম্ভব।

শিক্ষা

বর্তমানে অনেকেই যেকোনো বিষয় শেখার জন্য প্রথমেই ইউটিউবের ঢুঁ মারেন। আর তাই পড়ালেখা, গান থেকে শুরু করে রান্না শেখানোর ভিডিওগুলো ইউটিউবে খুবই জনপ্রিয়।

ভ্রমণ

অনেকেই ভ্রমণ করতে পছন্দ করেন। কিন্তু চাইলেই তো আর দেশ-বিদেশের বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরে দেখার সময় ও সুযোগ হয়ে ওঠে না। আর তাই ইউটিউবে খুবই জনপ্রিয় ভ্রমণবিষয়ক ভিডিও। নিজের ভ্রমণের অভিজ্ঞতা তুলে ধরে যে কেউ চাইলেই ভালো মানের ভিডিও আপলোড করতে পারেন।

বিনোদন

বিনোদননির্ভর বিভিন্ন ভিডিও ইউটিউবে বরাবরই জনপ্রিয়। আর তাই দেশ-বিদেশের নায়ক-নায়িকার বিভিন্ন তথ্য, বিনোদন বিশ্বের সংবাদ, গান বা অনুষ্ঠানের ভিডিও আপলোড করে ইউটিউবে দ্রুত সফল হওয়া যাবে।

ফ্যাশন ও লাইফস্টাইল

বিভিন্ন দেশের জীবনযাপনের পদ্ধতিতে ভিন্নতা থাকলেও ফ্যাশন ও

লাইফস্টাইল-বিষয়ক ভিডিওগুলো ইউটিউবে খুবই জনপ্রিয়। আর তাই নিজ দেশের উপযোগী ফ্যাশন ও লাইফস্টাইল বিষয়ক ভিডিও আপলোড করলে দ্রুত ইউটিউবে সফল হওয়া যাবে।

প্রযুক্তি ও প্রযুক্তিপণ্য

প্রযুক্তিনির্ভর এই বিশ্বে প্রযুক্তি নিয়ে মানুষের আগ্রহ থাকবে না, তা হতেই পারে না। আর তাই হালনাগাদ এবং ভবিষ্যৎ প্রযুক্তি ও পণ্য নিয়ে তৈরি ভিডিওগুলো ইউটিউবে খুবই জনপ্রিয়। এ বিষয়ে মানসম্পন্ন ভিডিও নিয়মিত আপলোড করতে হবে।

স্মার্টফোনের ব্যাটারির চার্জ দ্রুত শেষ হওয়ার ৫ কারণ

পুরো চার্জ দেওয়ার পরও দ্রুত স্মার্টফোনের চার্জ শেষ হয়ে যায় অনেকের। স্মার্টফোন পুরোনো হলে তো কথাই নেই, ব্যাটারির কার্যকারিতা কমে যাওয়ায় বেশিক্ষণ স্মার্টফোন ব্যবহার করা যায় না। বেশ কিছু কারণে ব্যাটারির চার্জ দ্রুত শেষ হয়ে যায়। দেখে নেওয়া যাক সে কারণগুলো-

পর্দার উজ্জ্বলতা বেশি

স্মার্টফোনে ভিডিও, ছবি বা সিনেমা দেখার জন্য অনেকেই পর্দার উজ্জ্বলতা বেশি রাখেন। পর্দার উজ্জ্বলতা বেশি থাকলে বেশি ব্যাটারি খরচ হয়। তবে অ্যাডাপ্টিভ ব্রাইটনেস সুবিধা চালু থাকলে আশপাশের আলো পর্যালোচনা করে পর্দার উজ্জ্বলতা কমে বা বৃদ্ধি পায়। ফলে ব্যাটারিও কম খরচ হয়।

নেটওয়ার্ক

স্মার্টফোনে ইন্টারনেট ব্যবহারের জন্য ওয়াই-ফাই বা মোবাইল নেটওয়ার্ক ব্যবহার করতে হয়। এই নেটওয়ার্ক খুঁজে পেতে ব্যাটারি বেশি খরচ হয়। কারণ, মোবাইল নেটওয়ার্কের সমস্যা হলে স্মার্টফোন মোবাইল টাওয়ারের সঙ্গে নিয়মিত যোগাযোগ করার চেষ্টা করতে থাকে।

ফলে ব্যাটারি খরচের পরিমাণও বৃদ্ধি পায়।

জিপিএস লোকেশন সুবিধা চালু

জিপিএস লোকেশন সুবিধা চালু থাকলে দ্রুত ব্যাটারি খরচ হতে থাকে। অনেক সময় স্মার্টফোন গরমও হয়ে যায়। আর তাই প্রয়োজন ছাড়া জিপিএস লোকেশন সুবিধা বন্ধ রাখাই ভালো।

ব্যাকগ্রাউন্ডে চালু অ্যাপ

ব্যবহার না করলেও ব্যবহারকারীদের ইন্টারনেট ব্যবহারের ইতিহাস সংগ্রহের জন্য বেশ কিছু অ্যাপ স্মার্টফোনের ব্যাকগ্রাউন্ডে সব সময় চালু থাকে। এসব অ্যাপ চাইলেও বন্ধ করা যায় না। ফলে ব্যাটারি খরচ হতে থাকে।

নিম্নমানের চার্জার

নিম্নমানের ত্রুটিযুক্ত চার্জারের কারণে ব্যাটারির কার্যকারিতা ধীরে ধীরে কমে যায়। অনেক সময় স্মার্টফোনের ব্যাটারি নষ্টও হয়ে যায়। ফলে ব্যাটারিতে চার্জ দিলেও তা বেশিক্ষণ ব্যবহার করা যায় না।

সূত্র: প্রথমআলো

হোয়াটসঅ্যাপে একসঙ্গে একাধিক বার্তার বিজ্ঞপ্তি বন্ধ করা যাবে

হোয়াটসঅ্যাপের চ্যাট স্ক্রিনে শুধু একজন ব্যক্তির পাঠানো বার্তা দেখা যায়। ফলে সেই ব্যক্তির সঙ্গে বার্তা বিনিময়ের সময় অন্যদের পাঠানো বার্তা দেখতে গেলেই নতুন চ্যাট স্ক্রিন চালু হয়। এতে অনেকেরই মনোযোগে সমস্যা হয়। কিন্তু অন্যদের পাঠানো বার্তাগুলো না পড়লে সম্পর্ক নষ্টেরও ভয় থাকে। সমস্যা সমাধানে

একাধিক অ্যাকাউন্ট থেকে পাঠানো বার্তার বিজ্ঞপ্তি সাময়িকভাবে বন্ধ বা মিউট করার সুবিধা চালু করছে হোয়াটসঅ্যাপ।

নতুন এ সুবিধা দিতে হোয়াটসঅ্যাপের চ্যাট মেনুর ভেতরে যুক্ত করা হবে ‘সিলেক্ট চ্যাট’ অপশন। এ সুবিধা কাজে লাগিয়ে অন্য অ্যাকাউন্টগুলোর বার্তা নির্বাচন করে দিলেই, সেগুলোর পরবর্তী বিজ্ঞপ্তিগুলো দেখা যাবে না। শুধু তা–ই নয়, চাইলে বার্তাগুলো পড়া হয়েছে বলেও প্রদর্শন করা যাবে।

বর্তমানে ডেস্কটপ বেটা সংস্করণ ব্যবহারকারীদের ওপর এ সুবিধার কার্যকারিতা পরখ করছে হোয়াটসঅ্যাপ। সুনির্দিষ্ট দিনক্ষণ জানা না গেলেও শিগগির এ সুবিধা উন্মুক্ত করা হবে বলে ধারণা করা হচ্ছে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

হোয়াটসঅ্যাপ যে ফোনগুলো আর চলবে না

পুরোনো সংস্করণের অ্যান্ড্রয়েড ও আইওএস অপারেটিং সিস্টেমে চলা বিভিন্ন মডেলের ফোন থেকে নিজেদের সমর্থন প্রত্যাহারের ঘোষণা দিয়েছে হোয়াটসঅ্যাপ। ফলে আগামী শনিবার (৩১ ডিসেম্বর) থেকে এই ফোনগুলোতে ইনস্ট্যান্ট মেসেজিং অ্যাপটি ব্যবহার করা যাবে না। সমর্থন প্রত্যাহার করা ফোনের তালিকায় অ্যাপল, স্যামসাং, হুয়াওয়ে, সনি এবং এলজির তৈরি বিভিন্ন মডেলের ফোন রয়েছে। মডেলগুলো দেখে নেওয়া যাক—

অ্যাপল
আইফোন ৫ এবং আইফোন ৫ সি।

হুয়াওয়ে
এসেন্ড ডি, এসেন্ড ডি১, এসেন্ড ডি২, এসেন্ড জি৭৪০, এসেন্ড মেট এবং এসেন্ড পি১।

এলজি

ইন্যাক্ট, লুসিডটু, অপ্টিমাস ফোরএক্স এইচডি, অপ্টিমাস এফ ৩, অপ্টিমাস এফ৩ কিউ, অপ্টিমাস এফ ৫, অপ্টিমাস এফ ৬, অপ্টিমাস এফ ৭, অপ্টিমাস এলটু ২, অপ্টিমাস এলথ্রি ২, অপ্টিমাস এলথ্রি ২ ডুয়াল, অপ্টিমাস এলফোর ২, অপ্টিমাস এলফোর ২ ডুয়াল, অপ্টিমাস এলফাইভ, অপ্টিমাস এলফাইভ ডুয়াল, অপ্টিমাস এলফাইভ ২, অপ্টিমাস এলসেভেন, অপ্টিমাস এলসেভেন ২, অপ্টিমাস এলসেভেন ২ ডুয়াল এবং অপ্টিমাস নিট্রো এইচডি।

স্যামসাং
গ্যালাক্সি এসিই ২, গ্যালাক্সি কোর, গ্যালাক্সি এসটু, গ্যালাক্সি এসথ্রি মিনি, গ্যালাক্সি ট্রেন্ডটু, গ্যালাক্সি ট্রেন্ড লাইট এবং গ্যালাক্সি এক্সকাভারটু।

সনি
সনি এক্সপেরিয়া আরক এস, এক্সপেরিয়া মিরো এবং এক্সপেরিয়া নিও এল।

হোয়াটসঅ্যাপের সমর্থন প্রত্যাহার করা ফোনের তালিকায় আরও রয়েছে লেনোভো এ৮২০, এইচটিসি ডিজায়ার ৫০০, উইকো সিন্ক ফাইভ, উইকো ডার্কনাইট জেডটি, আর্কোস ৫৩ প্ল্যাটিনাম, গ্র্যান্ড এস ফ্লেক্স জেডটিউ, গ্র্যান্ড এস কোয়াড ভি৯৮৭ জেডটিই, কোয়াড এক্স এল এবং মিমো জেডটিই ভি৯৫৬।

সূত্র: প্রথমআলো